

দৈনিক
কীর্তনাখাণা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

নতুন আসিকে, অত্যাধুনিক প্রযুক্তিতে
বিশ্বমানের সিমেন্ট

হ্যাড্রাক্স সিমেন্ট

ইমারতের স্বপ্নের গোড়া



সেবা : ০২৯৯০০৬৬৬০৫, ০২৭৯০২৭৭০৫

বরিশাল ॥ সোমবার ॥ ২২ জুন ২০২৬ ॥ ০৬ মহররম ১৪৪৮ ॥ ০৮ আষাঢ় ১৪৩৩ ॥ ১০ম বর্ষ ॥ ১২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা



**প্রথম রাষ্ট্রীয় সফরে
মালয়েশিয়ায়
প্রধানমন্ত্রী**

কীর্তনখোলা ডেক্স
প্রধানমন্ত্রী হিসেবে প্রথম রাষ্ট্রীয় সফরে
মালয়েশিয়ার রাজধানী কুয়ালা লামপুরে
সৌভেহেন্দে বিদ্যাপতি চেয়ারম্যান বরেক
বহমান। ২ এর পাতায় দেখুন



রাজস্ব আহরণ ও ঋণ ব্যবস্থাপনা দেশের অর্থনীতি
প্রধান চ্যালেঞ্জ: স্পিকার
 কৌশলগতভাবে ডেফ
 বর্তমানে রাজস্ব আহরণ, ঋণ ব্যবস্থাপনা এবং সামগ্রিক অর্থনৈতিক স্থিতিশীলতা নিশ্চিত করা জাতীয় অর্থনীতির প্রধান চ্যালেঞ্জ ২ এর পাত্রায় দেখুন



ব্যবসার পথে কেউ বাধা হলে 'দরজা দেখিয়ে দেওয়া হবে'

বীর্ভাখোলা চেম্বার বাংলাদেশকে "ওভার-রেগুলেটেড" দেশ উল্লেখ করে ব্যবসা ও বিনিয়োগের পথে অগ্রদোয়ারী বিধিনিষেধ কমাতে রোগদেহন ২ এর পাতায় দেখুন



লন্ডনে হাসনাত আবদুল্লাহর নামে মামলা

কীর্তনখোলা ডেস্ক
 জাতীয় নাগরিক পাটরি (এনসিপি)
 দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক ও সংসদ সদস্য হাসনাত আবদুল্লাহর নামে
 যুক্তরাজ্যে ২ এর পাতায় দেখুন



পুলিশের অভিযানে পালাতে
গিয়ে নিষিদ্ধ আ.লীগ নেতার মৃত্যু

কর্তৃত্বাধীন খোলা রিপোর্ট	কাকউনিয়ায় খান বাড়িতে এ ঘটনা ঘটে। মৃত ওগু (নেতার) নাম রাখা হয় খান মেনন (৪২)। তিনি প্রাপ্তবয়স্ক আক্রান্ত হয়েছেন বলে ধারণিকভাবে ধারণা করা হচ্ছে। জানা গেছে, নেনন নব্বয় ওয়ার্ড	আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। তার বার মরহুম গুলশানী হোসেয়েত উল্লিন বাদশ মনোদার আওয়ামী লীগের সহ-সভাপতি ছিলেন। স্বজ্ঞার
বরিশাল নগরীর পুলিশ অফিসায়নের সময় পলাতক গিয়ে নির্বিঘ্নে আওয়ামী লীগ নেতার মৃত্যু হয়েছে। রোববার দুপুর সোয়া ৩টার দিকে নগরীর পশ্চিম		২-৩১ পাতায় দেখুন



প্রতিবাহী বরিশাল প্রেসক্লাবের ভবনের সংস্কারের লক্ষ্যে ক্লাবের পিছনের অংশ পরিদর্শন করেন বিসিসি প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন। এসময় সিনিয়র সাংবাদিক মুরাদ আহমেদ, কাজী মিরাজ, ফেরদাউস সোহাগ, যবদল নেতা হাজিফ আহমেদ বাবুল ও সাংবাদিক কাওসার হোসেন উপস্থিত ছিলেন-কীর্তনখোলা

অডিও বার্তার কয়েক ঘণ্টা পর গার্মেন্টস কর্মীকে পিটিয়ে হত্যা

ভাতিজিকে দায়ী করে
গেছেন। গত বৃহস্পতিবার
(১৮ জুন) রাতে
নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ
এলাকায় এ হত্যার ঘটনা
ঘটে। মৃত পারভীন বেগম
ভোলার চরফ্যাশন
উপজেলার আব্দুল্লাহপুর
ইউনিয়নের উত্তর
শিব প্রাচীরে বাসিন্দা ফয়জুল
হক পাটোয়ারীর মেয়ে।
২ এর পাতায় দেখুন

চোখ রাঙাচ্ছে ডেঙ্গু:
চলতি মাসে আক্রান্ত
প্রায় দু'হাজার

[illegible]

আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে
বিশৃঙ্খলা করলে কঠোর
ব্যবস্থা: র‍্যাব

[illegible]

১ম বেগম খালেদা জিয়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত বরিশাল সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন
-কীর্তনখোলা

জমি নিয়ে বিরোধ
নামাজ পড়া অবস্থায় ছোট
ভাইকে কুপিয়ে হত্যা



শুদে ফুটবলারদের পায়ের যাদু বাকেরগঞ্জে বাধ ভাঙা আনন্দ



ফক্রে ফুটবলারদের পায়ের জাদুতে দেশ
সেরা হয়েছে বাকেরগঞ্জ উপজেলার
দাড়াইল মিয়া বাড়ি সরকারি প্রাথমিক
বিদ্যালয়। শনিবার (২০ জুন) দুপুরে
ঢাকার আর্মি স্টেডিয়ামে প্রাথমিক
বিদ্যালয় গোল্ড কাপ ফুটবল টুর্নামেন্ট
২০২৬ এর ফাইনাল খেলায় বরিশাল
বিভাগ বনাম ময়মনসিংহ বিভাগের
বনামে অনূর্নিত ফুটবল খেলায়
বরিশালের বাকেরগঞ্জ উপজেলার
দাড়াইল মিয়া বাড়ি সরকারি প্রাথমিক
বিদ্যালয় ২ এর পাতায় দেখুন

হাম উপসর্গ নিয়ে আরও ৩ শিশুর মৃত্যু

মামলা বোলা থেকে
হাম উপসর্গ আরও ৩ শিশুর
তৃত্ব হয়েছে। এ সময়ে হাম ও
মামলার উপসর্গ নিয়ে ১ হাজার
৩০টি শিশু হাসপাতালে এসেছে।
রাবারবার (২১ জুন) স্বাস্থ্য
বিধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি
খণ্ডেরশখ অ্যাড কন্ট্রোল রুমের
মামলারপ্রতিবেদন
নানানামা হয়েছে। এতে বলা হয়,
দশশে গত ২৪ ঘণ্টায় হামের
উপসর্গ নিয়ে আরও তিন শিশুর
তৃত্ব হয়েছে। তবে নিশ্চিত হামে
কোনো শিশুর মৃত্যু হয়নি।
কোনো শিশু ১৫ মাতা থেকে এখন
বর্ধিত ২ এর পাতায় দেখুন

শত শত শিশুকে শিক্ষক, দক্ষিণ বাঙ্গাল প্রখ্যাত বাংলা ভাষাবিদ ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রদোষভরে ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক। সম্পাদনা করেছেন: বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২ম পত্র বিদ্যার প্রধান পরীক্ষক, সরকারি আটলেনবাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুন:

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

গদ্য প্রকাশন

বরিশাল নগরীর যেসব ছানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিন্সা সবর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি নবাবগঞ্জ রাস্তা, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি নবাবগঞ্জ রাস্তা, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সবর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সবর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সবর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ সবর রোড, বরিশাল 01718-670945	মঞ্জুমার লাইব্রেরি মহুত কল টাউন রাস্তা, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি হুত কল টাউন রাস্তা, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি হুত কল টাউন রাস্তা, বরিশাল 01726-074663	হক লাইব্রেরি হুত কল টাউন রাস্তা, বরিশাল 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি হুত কল টাউন রাস্তা, বরিশাল 01717-488083

বরিশাল জেলা উন্নয়ন সমন্বয়
কমিটির সভা অনুষ্ঠিত

বিশ্বখ্যাতা বিদ্যেটি
বিশিষ্টা হলো উন্নয়ন সমন্বয় কমিটির এক সভা অস্ট্রেলি়া হয়েছিল।
রাবারবার সকালে বিশাল হলো প্রশাসকের সভাকক্ষে এঁই সভা
নিত্তি হত। সন্ধ্যা সমাপ্তিও করেন বিশালয়ের জেলা প্রশাসকগণ।
উন্নয়ন আলম সম্মান উন্নয়ন ও সমন্বয় সভায় জেলাগণ চ্যামা
ককসমুহ প্রের বিশেষ গুরুত্বপূর্ণ এবং উন্নয়ন কার্যক্রমে প্রায় গতিশীল
জাতির প্রথম বিশ্বমণ্ডল সভায় এঁই হলো প্রশাসক হলেন,
ককক বস্তাবয়ন দীর্ঘম্যেই হলেন জনগণের ভোগান্তি বাড়ি এবং
উন্নয়ন কার্যক্রমে সফল সমন্বয়তা পাওয়া যায় না। জেলা পর্যায়ে
উন্নয়ন প্রকল্পে জেলা যথাক্রমে বস্তাবয়ন হলেন জেলাগণ সাময়িক
সমাপ্তি ব্যতীত হয়। সকালের গৃহীত উন্নয়ন পরিকল্পনা মণ্ডলিয়ার
সমাপ্তি হওয়া বস্তাবয়ন জেলা সমাপ্তি উন্নয়ন প্রয়োজন। এ সময় তিনি
লময়ন প্রকল্পসমূহ নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করতে সক্ষম
হওয়ায় কর্মকর্তাদের আহ্বান জানান। তিনি আরও বলেন, সরকারি
কর্তৃপক্ষের ন্যূনতম দায়িত্ব জেলা আদ্য। ২ এর পাণ্ডাল সেখান



যুক্তরাষ্ট্রে ট্রাকচাপায়
গৌরনদীর কবির



নিহত

শ্রীমতেনাথালি রিপোর্ট

তত্ত্বাবধায়ক ফেরিয়ার্স ট্রাকচাণ্ডার
বিলি হোসেন মুখা (০৫) নামে
কক বাবাসাঈ নিহত হয়েছেন।
মৃত কর্তার হোসেন বরিশাদের উজিরপুর উপজেলায় দক্ষিণ
মাঝারিকালি গ্রামের মৃত মেহেদে উজির মুখার ছোট হৈলে। নিহতের
আত্মিকায়িকা স্বপনারপতি) রমা আক্তারের বর্তায় শিশু রবিবার দুপুরে
স্বাভাৱিক নিশ্বাস-করহেলে মেরোতে হালাদার নামে তাদের এক নিকট
স্বাক্ষরীয়। মেরোতে দেহন, ১৫ বছর আগে ডিউ লম্বারিগে বিজয়ী হৈলে
বিলি হোসেন আমেরিকায় চলে যান। এরপর সেখানে স্ত্রী ও এক
বছরেকের শিশু সেখানেই বসবাস ২ এর পাড়ায় দেহন

দৈনিক ফীর্ডনাখালা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা প্রতিকার জন্য ঝালকাঠি জেলা: নলছিটি, রাজাপুর, পটুয়াখালী জেলা: পটুয়াখালী, বাউফল, আমতলী, ভোলা জেলা: তন্জরমদিন, লালমোহন, মনপুরা, পিরোজপুর জেলা: বাজিরপুর, নেছারাবাদ ও বরিশাল জেলা: উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আবশ্যক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আত্মপ্রায়ী প্রতিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ প্রবেদন করুন।

-মহফল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয় আইনের আওতায় আনা হোক

বাংলাদেশের উন্নয়নে প্রধান বাধা দুর্নীতি এটি সবাই একবাক্যে স্বীকার করে। জাতীয় ও আন্তর্জাতিক অনেক সংস্থা বাংলাদেশের লাগামহীন দুর্নীতি নিয়ে বহুবারে সতর্ক করে আসছে। কিন্তু পরিভ্রাপের বিষয় হচ্ছে দুর্নীতি, ক্ষমতার অপব্যবহার এসব না কমে উল্টো আরো ভালপালা মেলাছে। ওয়াশিংটনভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান গ্লোবাল ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট (জিএফআই) তথ্য অনুযায়ী, বাংলাদেশ থেকে প্রতিবছর গড়ে প্রায় ৭৪ হাজার ৪৭৫ কোটি টাকা পাচার হয়ে যায়। কিন্তু দুর্নীতি প্রতিরোধে রাষ্ট্র ক্রমাগত ব্যর্থতার পরিচয় দিয়ে চলেছে। দুর্নীতিবিরোধী সংস্থাগুলোর ভূমিকাও দারুণভাবে প্রশ্নবিদ্ধ। ফলে একজন সাবেক আইজিপি'র বিরুদ্ধে, একজন ডিবি হারুনের বিরুদ্ধে, পুলিশের একজন অতিরিক্ত মহাপরিদর্শকের বিরুদ্ধে কিংবা ক্ষমতার কেন্দ্রে থাকা আরো অনেকের বিরুদ্ধে শত শত কোটি টাকার অবৈধ সম্পদ অর্জনের অভিযোগ ওঠে। আরো অবাক করা বিষয় হলো, অপকর্মের বহু অভিযোগের পরও তাঁদের অনেকেই দীর্ঘ সময় ধরে গ্রেপ্তার এড়িয়ে যাচ্ছেন। প্রকাশিত খবরে বলা হয়, অফিসিয়নপটীস্ট্রী হিসেবে পরিচিত পুলিশের সাবেক কর্মকর্তা ডিবি হারুনের বিরুদ্ধে অভিযোগের অন্ত নেই। জ্ঞাত আয়বহির্ভূত শত শত কোটি টাকার সম্পদ অর্জন, ক্ষমতার অপব্যবহার, চান্দাঝালি, জমি দখল, নির্যাসন, গুম-একদরন, রাজনৈতিক পক্ষপাত, এমনকি নারী কেন্দ্রোন্নতির অভিযোগও রয়েছে তাঁর বিরুদ্ধে। জানা যায়, তাঁর বিরুদ্ধে থাকা মামলার সংখ্যা ১৮৫। দুর্নীতি দমন কমিশনের (দুদক) আবেদনের ভিত্তিতে আদালত তাঁর অনেক সম্পদ জব্দও করেছে। তা সত্ত্বেও আজ পর্যন্ত ডিবি হারুন গ্রেপ্তার হননি। ২০১৪ সালের ৫ আগস্টের পর থেকেই তিনি পলাতক। আইনের শাসনে জন এটি ভালো দৃষ্টান্ত নয়। সাবেক পুলিশ মহাপরিদর্শক হুমায়ুন নূরুল হুদা গণমাধ্যমকে বলেন, ‘আইন সবার জন্য সমান। দোষী হোক কিংবা নির্দোষ, দ্রুত তদন্ত করে ব্যবস্থা নিতে হবে। অন্যথায় বাহিনীর সদস্যদের মনোবলে নেতিবাচক প্রভাব পড়বে।’ বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে গ্রেপ্তার হয়েছেন। তাঁকে দেশে ফিরিয়ে আনার জন্য চলেছে বহুমুখী আইনি ও কূটনৈতিক তৎপরতা। জানা গেছে, তাঁকে ফিচারের মুখোমুখি দাঁড় করানো জন্য প্রয়োজনীয় নথিপত্র প্রস্তুতের কাজ হুড়ুড় করতে দ্রুদক। জানা যায়, বেনজীরকে ফেরত আনার অনুরোধরূপে ‘রাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। সেখান থেকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে তা আরব আমিরাত সরকারের কাছে পৌঁছানো হবে।’ আশা করা যায়, বেনজীর আহমেদকে শাপিন্ধই দেশে ফিরিয়ে আনা যাবে। কিন্তু তাঁর বদা হাত বশে পরিচিত পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক গাজী মো. মোজাম্মেল হক এখানে গ্রেপ্তার হননি। তাঁর বিরুদ্ধেও গঠিত দায়, ক্ষমতার অপব্যবহার, জোরপূর্বক জমি লিখে নেওয়া, নদী ভরাট, অবৈধ সম্পদ অর্জন ও শত শত কোটি টাকার সম্পদের মালিক হওয়ার অভিযোগ রয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবর অনুযায়ী, তিনি এখানে এসেই প্রায়েম এবং সর্পর্গ ঘুরে বেড়াচ্ছেন। ব্যক্তিবিশেষের প্রতি আইনের গ্রহণে দ্বিধা হলে মানুষ তা থেকে ভিন্ন বাতাই পায়। দুর্নীতি ও ক্ষমতার অপব্যবহারের অভিযোগ অনেক পুরনো। এসব থেকে রাষ্ট্রকে মুক্ত করতে হবে। আর সে জন্য অপরাধী-নির্বিশেষে কঠোরভাবে আইনের প্রয়োগ করতে হবে। দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করা গেলে তা অন্যদের সতর্ক করবে, অপরাধ থেকে নিবৃত্ত করবে। পাশাপাশি অপরাধের বিরুদ্ধে রাষ্ট্রের নজরদারি বাড়াতে হবে, যাতে শত শত কোটি টাকার দুর্নীতি করার আগেই অপরাধীকে আইনের আওতায় আনা যায়।

অভিও বার্তার কয়েক ঘণ্টা পর

তিনি দীর্ঘ ১৫ বছর ধরে নারায়ণগঞ্জে থেকে গার্মেন্টসে চাকরি করতেন। মৃত্যুবরণ বোন জোঝা বেগম রোববার (২১ জুন) সবািদকর্মীদের জানান, পারভীন বেগম তার কঠোর পরিশ্রমের উপার্জিত অর্থ দিয়ে গ্রামের বাড়িতে ৬ শতাংশ জমি কেনেন; যা দেখাশোনার দায়িত্বে ছিলেন তার সঙ্গে একই বাসায় থাকা ভাতিজা লতা। এছাড়া বিয়ে ও গর্ভাবস্থার খরচের জন্য বিভিন্ন সময়ে পারভীনের কাছে থেকে প্রায় ৩ লাখ টাকা ধার নেয় লতা। তিনি বলেন, পারভীন পারভীন বেগম ওই জমি বিক্রির এবং ধারের টাকা ফেরত চাইলে ভাতিজা লতা ও তার স্বামী মনিরের সঙ্গে বিরোধের সৃষ্টি হয়। টাকা আত্মসাৎ করতেই পারভীনের ওপর মানসিক ও শারীরিক নির্যাতন চালানো হয় এবং একপর্যায়ে থানায় আঘাত করে তাকে হত্যা করা হয়। এক চাক্ষুষকার তথ্য ফাঁস করে জোঝা বেগম বলেন, মৃত্যুর মাত্র কয়েক ঘণ্টা আগে পারভীন একটি অভিও বার্তা পাঠিয়েছিল। সেখানে সে স্পষ্ট করে বলে গেছে, ‘লতা তাকে দীর্ঘদিন ধরে মানসিক ও শারীরিক নির্যাতন করছে এবং তার মৃত্যুর জন্য লতাই দায়ী।’ এদিকে স্বজনদের দাবি, পারভীনের মৃত্যুর পর ঘটনাটি ধামাচাপা দিতে তাকে একটি বেসরকারি ক্লিনিকে নিয়ে নাটক সাজানো হয়। পরে ঢাকায় অবস্থানরত অন্য কোনো স্বজনের দান জানিয়ে ভুক্তিযুক্ত করে রাতেই লাশ অ্যাম্বুলেন্সে করে ভোলায় উদ্দেশ্যে পাঠিয়ে দেওয়া হয়। সকালে শূন্য ভোলায় চরফ্যানানের গ্রামের বাড়িতে পৌঁছেলে পরিবারের সদস্যদের মাঝে কান্নার রোল পড়ে। হত্যার অভিযোগ তুলে তারা দাফন শৃণ্ণিত করেন এবং চরফাশ্যান থানায় খবর দেন। পুলিশ এসে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ভোলা সদর হাসপাতাল মধ্যে পুঠায়। ময়নাতদন্ত শেষে গুত্রবার রাতেই পারিবারিক কররস্থানে তার দাফন সম্পন্ন হয়। চরফাশ্যান থানার ওসি মো. মাহামুদ আল ফরিদ ভূঁইয়া জানান, পারভীন বেগমের মৃত্যু হত্যা নাকি স্বভাবিক, তা ময়নাতদন্তের প্রতিবেদন হাতে পাওয়ার পরই নিশ্চিত হওয়া যাবে। যেহেতু মূল ঘটনাটি নারায়ণগঞ্জের সিন্ধিরগঞ্জ থানায় আওতাধীন এলাকায় ঘটেছে, তাই পরবর্তী মূল আইনগত ব্যবস্থা সংশ্লিষ্ট থানা গ্রহণ করবে। আমরা তাদের সব ধরনের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করছি।

পুলিশের অভিযানে পালাতে

জানিয়েছে, মেননকে গ্রেপ্তার করতে রোববার বেলা ৩টার দিকে কোনা বাড়িতে কাউনিয়া থানার ৯-১০ জন পুলিশ যান। তখন মেনন বাসাতে ছিলেন। পুলিশের উপস্থিতি টের পেয়ে তিনি বাসার পেছনের দেয়াল ঢাকলে পালাবার চেষ্টা করেন। দেয়াল টপকে অপরিস্রোত একটি ড্রেনের স্লাবের ওপর পড়ার পর অসুস্থ হয়ে যান। তাকে উদ্ধার করে বরিশাল শের-ই-বাংলা চিকিৎসা মহাবিদ্যালয়ে হাসপাতালে নেওয়ার পর চিকিৎসক মৃত ঘোষণা করেন। জানা গেছে, গত গুত্রবার রাতে খান বাড়িতে পুলিশ অভিযান চালিয়ে মেননের স্বজন ওয়ার্ড আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আতিক খান ও ফয়েজ খানকে গ্রেপ্তার করেছে। রাতে তিনি বাসায় না থাকায় গ্রেপ্তার এড়াতে পেরেছিলেন। তার দুই সন্তানের মধ্যে বড় ছেলে সায়েল এসএসসি পরীক্ষার্থী ও ছোট ছেলে সায়াত যষ্ট শ্রেণির ছাত্র। তারা দুই ভাই ও দুই বোন। ভাই নোদারল্যাভ ও বোন পর্তুগা প্রবাসী। আরেক বোন ঢাকায় থাকেন। মেননের মৃত্যু প্রসঙ্গে কাউনিয়া থানার ওসি সনজিভ চন্দ্র নাথ জানান, মেনন দুটি মামলার এজাহারভুক্ত আসামি। গ্রেপ্তারের জন্য রোববার বেলা ৩টার দিকে কাউনিয়া থানা পুলিশ খান বাড়িতে যায়। বাড়ির মহিলারা জানান, তিনি বাড়িতে নেই। এতে আশ্চয় হয়ে পুলিশ বাড়ি থেকে ফেরত আসে। এরপরে তিনি পালাতে গিয়ে ড্রেনের ওপর পড়ে মারা গেছে বলে শুনেছেন।

আ.লীগের প্রতিষ্ঠাবার্ষিকীতে

হয়েছে। কেউ যদি আইনশৃঙ্খলা বাহিনীর জন্য বা সাধারণ মানুষের জন্য ঝুঁকি তৈরি করছে চাচা, তবে তারা নিজেরাই চিনি বুকির মধ্যে পড়বে এবং কাউকে ছাড় দেওয়া হবে না।’ তিনি বলেন, “আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকীকে ঘিরে সম্ভাব্য নিরাপত্তা ঝুঁকি বা সংঘর্ষের আশঙ্কা এড়াতে দেশের মেট্রোপলিটন পুলিশ কমিশনার ও রেল ডিআইজিদেরও প্রয়োজনীয় নির্দেশনা দেওয়া হয়েছে। যেকোনো পরিস্থিতি মোকাবিলায় আইনশৃঙ্খলা বাহিনী পুরোপুরি প্রস্তুত রয়েছে।” র‍্যাব-২ এর অধিনায়ক জানান, র‍্যাব মূলত ছিনতাইকারী চক্রের প্রধান ‘মাউরা সোহেল’সহ তিনজনেরকে অস্ত্রসহ গ্রেপ্তারের বিষয়ে তথ্য জানাতে এ সংবাদ সেখানেন আয়োজন করেছে। মাউরা সোহেলের বিরুদ্ধে ছিনতাই ও চাঁদাবাজির ১৪টি মামলা আছে।

চোখ রাঙাচ্ছে ডেঙ্গু

‘স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, চলতি বছরে এখন পর্যন্ত চার হাজার ৯০০ জনের ডেঙ্গু শনাক্ত হয়েছে। এর মধ্যে চলতি মাসের প্রথম ২০ দিনেই সবচেয়ে বেশি। জুনে এখন পর্যন্ত এক হাজার ৭০৩ জনের ডেঙ্গু শনাক্ত করা হয়েছে। এ ছাড়া জানুয়ারিতে এক হাজার ৮১, ফেব্রুয়ারিতে ৪০৯, মার্চে ৩৫৩, এপ্রিলে ৬৪০ এবং মে মাসে ৭১৪ জনের ডেঙ্গু শনাক্তের তথ্য দিয়েছে ‘স্বাস্থ্য অধিদপ্তর। চলতি মাসের শুরু থেকে ‘স্বাস্থ্য মন্ত্রণালয় এবং ঢাকার দুই মহানগর থেকে বারবার ডেঙ্গু মোকাবেলায় করণীয় সম্পর্কে বলা হচ্ছে। গত ৭ জুন ‘স্বাস্থ্য মন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন বলেছেন, ‘ডেঙ্গু এখন আর সাধারণ কোনো রোগ নয়; এটি পুরো জাতির জন্য একটি বড় চ্যালেঞ্জে পরিণত হয়েছে। এই সংকট মোকাবিলা কেবল ‘স্বাস্থ্য মন্ত্রণালয় বা হাসপাতালের দায়িত্ব নয়, বরং দেশের প্রতিটি নাগরিককে এতে সম্পৃক্ত হতে হবে।’ তিনি বলেন ডেঙ্গুকে কঠিন লড়াই হিসেবে উল্লেখ করে বলেছিলেন, ‘আমি সিটি কর্পোরেশন ও জেলা প্রশাসকদের ওপর চাপ দিতে পারি, পরিচ্ছন্নতা অভিযান চালাতে বলতে পারি। কিন্তু শতভাগ মশা বা লার্ভা ধ্বংস করা সম্ভব কি না, তা নিশ্চিত করতে পারি না। মশা ২০০ মিটার পর্যন্ত উড়তে পারে, যেকোনো ফাঁকফোকর দিয়ে ঘরে ঢুকে যেতে পারে। তাই এটি অত্যন্ত কঠিন একটি লড়াই।’

হাম উপসর্গ নিয়ে

হামের উপসর্গ নিয়ে মোট ৫৮৭ জন শিশুর মৃত্যু হয়েছে। আর হামে আক্রান্ত হয়ে ৯৩ শিশু প্রাণ হারিয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে মোট ৬৮০ জন শিশু মারা গেছে। গত ২৪ ঘণ্টায় ৬২ জন শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১ হাজার ১। এ সময়ে ৯৫৭টি শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ৮৭৯ শিশু। ‘স্বাস্থ্য অধিদপ্তরের তথ্যমতে, গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ৯২ হাজার ৭৯০, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ১১ হাজার ১১। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ৭৬ হাজার ৮৫৯ রোগী, যাদের মধ্যে ৭২ হাজার ৮৪৯ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে।

লন্ডনে হাসনাত আবদুল্লাহ

মামলা হয়েছে। এমনকি জানিয়েছে এনপিপি ইউকে আলয়েস। শনিবার রাতে এক বিবৃতির মাধ্যমে বিষয়টি জানানো হয়। ইউকে অ্যালয়েসের ফেসবুক পেজে বিবৃতিটি প্রকাশ করা হয়। পাশাপাশি ইউকে অ্যাক্সেসের সদস্যসচিব মো. এম এ হিমেল নিজের ভেরিফায়েড ফেসবুক পেজেও বিবৃতিটি শেয়ার করেছেন। বিবৃতিতে বলা হয়, ‘যুক্তরাজ্যে আওয়ামী লীগ ও পতিত ফ্যাসিবাদী সরকারের সমর্থকরা হাসনাত আবদুল্লাহ এবং তার সফরসঙ্গীদের বিরুদ্ধে ধারাবাহিক অপপ্রচার ও হয়রানির পর এবার নতুন নাটক শুরু করেছে। তারা হাসনাত আবদুল্লাহ, এহতেশাম হক, জাকির চৌধুরী, শাহীন আলমসহ আরও কয়েকজনের বিরুদ্ধে আওয়ামী লীগকে “বেধড়ক পেটানোর” অভিযোগ এনে থানায় মামলা দায়ের করেছে। এর মধ্যে দিয়ে যুক্তরাজ্য পুলিশের মূল্যবান সময় নষ্ট করবে অপচেষ্টা চালাচ্ছে।’ বিবৃতিতে আরও বলা হয়, কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের সরাস্রী কর্মকাণ্ড, জননিরাপত্তা এবং যুক্তরাজ্যের আইনশৃঙ্খলা পরিস্থিতির ওপর এর সম্ভাব্য প্রভাব নিয়ে যুক্তরাজ্যের একটি বিশেষায়িত সংস্থা তদন্ত কার্যক্রম শুরু করেছে। হাসনাত আবদুল্লাহ যুক্তরাজ্যের আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে তাদের পেশাদার ও দায়িত্বশীল ভূমিকার জন্য ধন্যবাদ জানিয়েছেন। বিবৃতিতে বলা হয়, পতিত আওয়ামী লীগ আগেও ব্যর্থ হয়েছে, এবারও হবে। অস্বক্সোই ইউনিয়নে হাসনাত আবদুল্লাহর ঐতিহাসিক বক্তব্য, যুক্তরাজ্যজুড়ে প্রবাসীদের সঙ্গে তার সফল মতবিনিময় এবং সহযোগীদের সঙ্গে সংযোগ স্থাপনের প্রচেষ্টাকে ব্যাহত করতে তারা বারবার চেষ্টা করলেও প্রতিবারই চরমভাবে ব্যর্থ হয়েছে।

ব্যবসার পথে কেউ বাধা

কার্যক্রম জোরদারের ঘোষণা দিয়েছেন অর্থমন্ত্রী আমির খসরু মাহমুদ চৌধুরী। তিনি বলেছেন, ব্যবসা-বাণিজ্যের পথে যেসব ব্যক্তি বা প্রতিষ্ঠান বাধা সৃষ্টি করবে তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। প্রয়োজনে ‘দরজা দেখিয়ে দেওয়া হবে।’ এ লক্ষ্যে অভিযোগ গ্রহণে একটি বিশেষ ওয়েবসাইট ও টার্কফোর্স গঠন করা হচ্ছে। রোববার (২১ জুন) দুপুরে ঢাকার একটি হোটেলের সেন্টার ফর পলিট সিডায়াল (সিপিডি) আয়োজিত ‘বাজেট সংলাপ ২০২৬’-এ প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, বাংলাদেশে ছিল ওজর-রেগুলেটেড কান্ট্রি। যেখানে ব্যবসায়ী ব্যবসা করতে পারেন না, সাধারণ মানুষের জীবনও অনেক কঠিন হয়ে যায়। আমরা ডি-রেগুলেশন চাই। এজন্য একটি টার্কফোর্স গঠন করা হয়েছে। তিনি বলেন, একটি ওয়েবসাইট চালু করা হবে, যেখানে ব্যবসায়ী বা সাধারণ মানুষ ডি-রেগুলেশন বাস্তবায়নে কোনো বাধা বা নিয়মের অপব্যবহার দেখতে পেলে তা জানাতে পারবেন। টার্কফোর্স এসব অভিযোগ পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা নেবে। অর্থমন্ত্রী বলেন, আমাদের বার্তা খুব পরিষ্কার। ডি-রেগুলেশন ও ব্যবসার পথে কেউ বাধা হয়ে দাঁড়ালে তাকে খুঁজে বের করা হবে। যারা উন্নয়ন ও ব্যবসার পরিবেশে বাধাসৃষ্ট করার চেষ্টা করবে, তাদের আমরা দরজা দেখিয়ে দেবো। দেশের জন্য কাজ না করলে তাদের প্রয়োজন নেই। তিনি বলেন, নির্বাচিত সরকার হিসেবে জনগণের প্রতি আমাদের জবাবদিহি রয়েছে। দীর্ঘদিনের দুর্বল শাসন ও অর্থনৈতিক সংকটের পর মানুষের প্রত্যাশা অনেক বেশি। শতভাগ সফল না হলেও ৭০ থেকে ৮০ শতাংশ লক্ষ্য অর্জন করা গেলে দেশের উন্নয়ন ত্বরান্বিত হবে। এরময় অর্থমন্ত্রী ২০৩৫ সালের মধ্যে বাংলাদেশকে ট্রিলিপন ডলারের অর্থনীতিতে উন্নীত করার লক্ষ্য পুনর্যুত্ব করেন। তিনি বলেন, এ লক্ষ্য অর্জনে গ্যাস, বিদ্যুৎ ও নির্ভরযোগ্য ইন্টারনেট অবকাঠামো সবচেয়ে গুরুত্বপূর্ণ। সরকার এ তিন খাতে বিনিয়োগ বাড়িয়ে এবং আগামী কয়েক বছরের মধ্যে এর সুফল দৃশ্যমান হবে বলে আশা করছে। বাজেট বাস্তবায়নের চ্যালেঞ্জ প্রসঙ্গে তিনি বলেন, বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার সময় বিপুল পরিমাণ বকেয়া দায় ও অর্থনৈতিক সংকটের মুখোমুখি হয়েছে। প্রায় ৫০ হাজার কোটি টাকার জ্বালানি বিল বকেয়া ছিল। একই সঙ্গে বৈশ্বিক পরিস্থিতির কারণে জ্বালানি সংকট ও অর্থায়নের চাপও মোকাবিলা করতে হচ্ছে।

রাজস্ব আহরণ ও ঋণ ব্যবস্থাপনা

বলে জানিয়েছেন পি্পকার মেজর (অব.), হাফিজ উদ্দিন আহমদ বীর বিক্রম। রোববার (২১ জুন) জাতীয় সংসদ সচিবালয়ের শপথ কক্ষ ‘বাজেট হেল্পডেস্ক-২০২৬’-এর আওতায় আয়োজিত বাজেট-বিষয়ক ডিভ্রিফিং সেশনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। পি্পকার বলেন, বাজেট ডিভ্রিফিং সেশনের আয়োজন সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করার একমাত্র গুরুত্বপূর্ণ ও সমরোদ্ভোগ্য পদক্ষেপ। জাতীয় বাজেট ও সামগ্রিক আর্থিক ব্যবস্থাপনা বিষয়ে সংসদ সদস্যদের সক্ষমতা বাড়াতে এ ধরনের উদ্যোগ কার্যকর ভূমিকা পালন করে। তথ্য ও উপাত্তভিত্তিক বাজেট বিশ্লেষণে বাজেট হেল্পডেস্ক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে উল্লেখ করে তিনি বলেন, সরকারের আর্থিক নীতি ও কৌশল সম্পর্কে সুস্পষ্ট ধারণা অর্জনের জন্য সংসদ সদস্যরা সংসদ লাইব্রেরির বিভিন্ন তথ্যভাণ্ডার ও গবেষণা উপকরণ ব্যবহার করে নিজেরদের আরও সমৃদ্ধ করতে পারেন। হাফিজ উদ্দিন আহমদ বলেন, বাজেট বিষয়ে সংসদ সদস্যদের আগ্রহ এবং সংসদীয় কর্মকাণ্ডে সক্রিয়

অংশগ্রহণ জাতির জন্য ইতিবাচক ফল বয়ে আনবে। জনগণও বর্তমান সংসদের কার্যক্রমের দিকে গভীর আগ্রহ নিয়ে তাকিয়ে আছে। কারণ দেশের ভবিষ্যৎ উন্নয়ন ও অগ্রগতির রূপরেখা এখানেই নির্ধারিত হবে। তিনি বলেন, সংসদীয় প্রতিষ্ঠানকে শক্তিশালী করতে ইউরোপীয় ইউনিয়নের এ ধরনের কর্মসূচি সংসদ সদস্যদের কার্যকর অংশগ্রহণ ও জবাবদিহি নিশ্চিতের মাধ্যমে জনপ্রত্যাশা পূরণে সহায়তা করছে। পরে তিনি বাজেট ডিভ্রিফিং সেশনের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করেন। অনুষ্ঠানে জাতীয় সংসদের ডেপুটি স্পিকার ব্যারিস্টার কায়সার কামালের সভাপতিত্বে ঋণাত বক্তব্য দেন জাতীয় সংসদ সচিবালয়ের সচিব ব্যারিস্টার মো. গোলাম সরওয়ার ভূঁইয়া। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন জাতীয় সংসদের চিফ হুইপ নূরুল ইসলাম মনি। ডেপুটি স্পিকার বলেন, স্বাধীনতা-পরবর্তী সময়ে সংসদ নিয়ে জনগণের ব্যাপক প্রত্যাশা ছিল। জুলাই অভ্যুত্থান-পরবর্তী এই সংসদ একটি ব্যতিক্রমী সংসদ এবং দেশের প্রতিটি নির্বাচনি এলাকার মানুষ এর কার্যক্রম নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। তিনি বলেন, অর্থনীতি, সমাজনীতি ও রষ্ট্রনীতির কেন্দ্রবিন্দু হলো সংসদ। তথ্যভিত্তিক সংসদ গড়ে তুলতে বাজেট ডিভ্রিফিং সেশন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। চিফ হুইপ নূরুল ইসলাম মনি বলেন, সীমিত সম্পদের সর্বোত্তম ও সুষৃঙ্খল ব্যবহারের মাধ্যমে প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকার একটি যুগোপযোগী ও ব্যস্তবমুখী বাজেট উপস্থাপন করেছে। বাজেট হেল্পডেস্ক সংসদ সদস্যদের তথ্য সংগ্রহ ও বিশ্লেষণে গুরুত্বপূর্ণ সহায়তা দিচ্ছে। তিনি বলেন, অতীতে বাজেট-সংক্রান্ত তথ্য সংগ্রহে সংসদ সদস্যদের নানা ধরনের সমস্যার সম্মুখীন হতে হতো। ইউরোপীয় ইউনিয়নের সহায়তায় পরিচালিত এ উদ্যোগের ফলে এখন প্রয়োজনীয় তথ্য সহজেই পাওয়া যাচ্ছে এবং বাজেটের গভীর বিশ্লেষণের সুযোগ সৃষ্টি হয়েছে।

প্রথম রাষ্ট্রীয় সফরে

স্থানীয় সময় রোববার রাত পৌনে ৯টায় কুয়ালা লামপুর আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছায় সরকারপ্রধানকে বহনকারী টিমাল বাংলাদেশের বিশেষ ফ্লাইট। বিমানবন্দরের ভিআইপি নির্মাণ দপ্তার বৃদ্ধা রায় কমপ্লেক্সে প্রধানমন্ত্রী তারেক রহমান ও তার সহধর্মিণী জুবাইদা রহমানকে ঋণাত জ্ঞান মালয়েশিয়ার ধর্মমন্ত্রী জুলকিফলি হাসান ও তার সহধর্মিণী হানানি হারুন। এ ছাড়া সফরসঙ্গী হয়েছেন সরকারের মন্ত্রিপরিষদের কয়েকজন সদস্য, প্রধানমন্ত্রীর কয়েকজন উপদেষ্টা এবং সরকারি ঊর্ধ্বতন কর্মকর্তা ও ব্যক্তিগত কর্মকর্তারা। এটি প্রধানমন্ত্রী হিসেবে তারেক রহমানের প্রথম বিদেশ সফর। এটি সফরে তিনি একত্রে দুটি দেশে যাবেন। ২১-২২ জুন মালয়েশিয়া এবং ২৩-২৬ জুন চীন সফর করবেন তিনি। সফর শেষে ২৬ জুন দেশে ফেরার কথা রয়েছে প্রধানমন্ত্রীর। সফরটিকে ঢাকা, কুয়ালালামপুর ও বেইজিংয়ের মধ্যকার অর্থনৈতিক ও কূটনৈতিক সম্পর্কের নতুন আধারের সূচনা হিসেবে দেখছেন সংশ্লিষ্টরা। কূটনৈতিক সত্ত্বেগুলো বলছে, মালয়েশিয়া সফরে দেশটির প্রধানমন্ত্রী আনোয়ার ইব্রাহিমের সঙ্গে বৈঠক করবেন প্রধানমন্ত্রী। সেখানে শ্রমবাজার, বাংলাদেশি কর্মী নিয়োগ, বিনিয়োগ, জ্বালানি সহযোগিতা এবং রোহিঙ্গা ইস্যু গুরুত্ব পাবে। পররাষ্ট্র মন্ত্রণালয় জানিয়েছে, চীন সফরে বাংলাদেশ ও চীনের মধ্যে ১৫ থেকে ১৭টি দ্বিপাক্ষীয় দলিল সই হতে পারে। এর মধ্যে প্রায় ১৩টি সমঝোতা স্মারক (এমওইউ), দুটি চুক্তি, একটি আ্যাকশন প্ল্যান এবং একটি প্রটোকল রয়েছে।

যুক্তরাষ্ট্রে ট্রাকচাপায় গৌরনদীর

করেনো। কবির হোসেন আমেরিকার ফ্লোরিডায় ব্যবসা করতেন বলেও জানান তিনি। হেমারেত আরও বলেন, ২০ জুন সকাল আটটায় (বাংলাদেশ সময় সন্ধ্যা ছয়ট) নিজ ব্যবসা প্রতিষ্ঠানের সমানে দাঁড়ানো ছিলেন কবির হোসেন। এসময় বেপরোয়া গমনে একটি ট্রাকের চাপায় ঘটনাস্থলেই প্রাণ হারান কবির হোসেন, দাবি করেন তিনি। হেমারেত হাওলাদার জানান, কবির হোসেনের ইচ্ছা ছিল পারিবারিক করস্থানে বাবা ও মায়ের কবরের পাশে তাকে যেন দাফন করা হয়। এজন্য যুক্তরাষ্ট্র থেকে তার লাশ বাংলাদেশে আনার প্রস্তুতি চলছে। অপরদিকে কবির হোসেন মুধার খবরে নিকট আত্মীয়-স্বজনসহ এলাকাবাসীর মধ্যে শোকের ছায়া নেমে এসেছে।

স্বামী-শাশুড়িসহ তিনজন

পুলিশ। ঘটনার পর স্বামী, শাশুড়ি, নন্দনসহ স্বপ্তরবাড়ির কয়েকজন সদস্য আত্মগোপনে চলে যান। এ ঘটনায় ওই দিন রাতেই নিহতের বাবা বানী হয়ে ভোলা সদর মডেল থানায় আত্মহত্যা়য় প্ররোচনার অভিযোগে চারজনের নাম উল্লেখ করে এবং আরও পাঁচজনকে অজ্ঞাতনামা আসামি করে মামলা করেন। পরে গত ১৬ জুন রাতে তথ্যপ্রযুক্তির সহায়তায় ভোলা র‍্যাব-৮ ও চট্টগ্রাম র‍্যাব-৭এর যৌথ অভিযানে চট্টগ্রামের ইপিজেড এলাকার ব্যারিস্টার কলোনি থেকে মোহাগ, কোহিনুর বেগম ও মুক্তা আক্তারকে গ্রেফতার করা হয়। পরদিন তাদের আদালতে হাজির করা হলে কারাগারে পাঠানোর নির্দেশ দেওয়া হয়। এদিকে, আলোচিত এ দুর্বৃত্তর ঘটনায় প্রকৃত ঘটনা উন্মাক্টন এবং মেসৌদের বিচারের দাবিতে সামাজিক যোগাযোগমাধ্যমসহ বিভিন্ন মহলে ব্যাপক আলোচনা চলছে।

নামাজ পড়া অবস্থায় ছোট

মুলাদী হাসপাতালে নিয়ে যায়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। শনিবার (২০ জুন) নিহত প্রবাসী মো: নজরুল সরদারের সৌদি আরব যাওয়ার কথা ছিল। বউয়ের অনুরোধে তিনি থেকে যান। পরিবারে তার ভ্রী, দুই ছেলে ও এক মেয়েসন্তান রয়েছে। কাজিরহাট থানার অফিসার ইনচার্জ (ওসি) মো: সিদ্দিকুর রহমান বলেন, হত্যার কথা শুনেছি। কোনো আসামি গ্রেফতার হয়নি। আসামি ধরার জন্য অভিযান চালিয়ে যাছি।

ক্ষুদে ফুটবলারদের পায়ের যাদু

১৪০ গোলে বিজয়ী হয়েছে। খেলার শুরু থেকেই গ্যালারিভূঁড়ে ছিল দর্শকদের তুমুল কতালির গর্জন ও উত্তেজনা। মাঠের লড়াইয়ে দুই দলের খুদে খেলোয়াড়রাই আক্রমণ-প্রতিআক্রমণে মেতে ওঠে, যা উপস্থিত দর্শকদের দারুণ এক ফুটবল ম্যাচ উপহার দেয়। তবে ম্যাচের ভাগ্য গড়ে দেয় বরিশালের দাড়িয়ার মিয়া বাজি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনবদ্য একটি গোাল। এই একদাক জয়সূচক গোলেই নিজেরের শ্রেষ্ঠত্ব প্রমাণ করে শেষ পর্যন্ত শিরোপা উচিয়ে ধরে বরিশালের খুদে ফুটবলাররা। চ্যাম্পিয়নদের হাতে ট্রফি ও অতিথিবৃন্দের শুভেচ্ছা: টুর্নামেন্টের জিতান, দেশের সরকারি অফিসগুলোতে বর্তমানে সর্বমোট শূন্য পদের সংখ্যা ৪ লাখ ৬৮ হাজার ২২০টি। এর মধ্যে প্রথম শ্রেণিতে শূন্য পদের সংখ্যা ৬৮ হাজার ৮৮৪টি, যা ১ম থেকে ৯ম শ্রেণির আওতাভুক্ত। দ্বিতীয় শ্রেণিতে অর্থাৎ ১০ম থেকে ১২তম শ্রেণিে শূন্য পদ রয়েছে ১ লাখ ২৯ হাজার ১৬৬টি। সবচেয়ে বেশি শূন্য পদ রয়েছে তৃতীয় শ্রেণিতে, যার পরিমাণ ১ লাখ ৪৬ হাজার ৭৯৯টি এবং এগুলো ১৩তম থেকে ১৬তম শ্রেণির অন্তর্ভুক্ত। এছাড়া চতুর্থ শ্রেণিতে অর্থাৎ ১৭তম থেকে ২০তম শ্রেণিে ১ লাখ ১৫ হাজার ২৩৫টি পদ খালি রয়েছে। এর বাইরে অনারারি, নির্দিষ্ট বেতনভুক্ত ও চুক্তিভিত্তিক অন্যান্য কাটাগারিতে আরও ৮ হাজার ১৩৬টি শূন্য পদ রয়েছে। আব্দুল বারী আরও জানান, এই বিশালসংখ্যক শূন্য পদ পূরণের জন্য সরকার ইতোমধ্যেই ৬ মাস, ১ বছর এবং ৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। এই পরিকল্পনার অংশ হিসেবে আগামী ৬ মাসের মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২ হাজার ৮৭৮টি শূন্য পদে নিয়োগ সম্পন্ন করা হবে। পাশাপাশি আগামী ১ বছরের মধ্যে ৪ হাজার ৪৫৯টি এবং দীর্ঘমেয়াদি পরিকল্পনার অংশ হিসেবে আগামী ৫ বছরের মধ্যে ৩ হাজার ১১০টি শূন্য পদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে। ‘সচ্ছতা ও দ্রুততার সাথে পাঁচ লক্ষ সরকারি কর্মচারী নিয়োগ’-এর লক্ষ্যকে সামনে রেখে এই পরিকল্পনা সাজানো হয়েছে। এই লক্ষ্য বাস্তবায়নে সব মন্ত্রণালয় ও বিভাগের নিয়োগের সর্বশেষ অবস্থা এবং শূন্য পদে নিয়োগের তথ্য প্রেরণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে ইতোমধ্যেই চিঠি পাঠানো হয়েছে বলে জানান তিনি।

বিদ্যালয়ের টিমের খেলোয়াড়, শিক্ষক, কোচ সহ সকলকে অভিনন্দন জানিয়েছেন বরিশাল-৬ আসনের সংসদ সদস্য আবুল হোসেন খান।

বরিশাল জেলা উন্নয়ন সমন্বয়

বাধরুন্মের ব্যবস্থা না থাকায় তাঁরা ভোগান্তিতে পড়েন। নারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য স্বাস্থ্যসমত ও নিরাপদ পরিবেশ নিশ্চিত করতে আলাদা বাধরুন্মের ব্যবস্থা রাখতে হবে। পাশাপাশি সেবাগ্রহীতাদের জন্য পেস্টরুন্মের ব্যবস্থা রাখতে হবে, যেন তারা স্বাচ্ছন্দ্যে সেবা নিতে পারেন। সভায় বরিশালের হাম পরিস্থিতি তুলে ধরে সিভিল সার্জন ডা. এস. এম. মনজুর-এ-এলাহী বলেন, জেলায় হামের টিকাদান কার্যক্রম ৯৯.৯৪ শতাংশ সম্পন্ন হয়েছে। হাম প্রতিরোধে টিকা বেশ কার্যকর ভূমিকা পালন করেছে, যার ফলে শিশুরা আগের তুলনায় হামে কম আক্রান্ত হচ্ছে। বর্ষা মৌসুমে ডেঙ্গুর প্রকোপ বাড়়ে উল্লেখ করে তিনি আরও বলেন, এই সময়ে অফিস, শিক্ষাপ্রতিষ্ঠানসহ বাড়ির আঙিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে। অতিরিক্ত জেলা প্রশাসক সালাম পারভীনের সম্বলনায় সভায় অতিরিক্ত পুলিশ সুপার মো. আলাউল হাসানসহ সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

ডিসি সারওয়ার আলমকে প্রত্যাহার, নেটদুনিয়ায় সমালোচনা

কীর্তনখোলা ডেস্ক
সিলেটের জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট মো. সারওয়ার আলমকে প্রত্যাহার করা হয়েছে। ২১ জুন জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব জেভী প্রুদ সই করা এদেশে তাকে প্রত্যাহার করা হয়। তাকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে উপসচিব হিসেবে সংযুক্ত করা হয়েছে। এ খবর ছড়িয়ে পড়লে সমালোচনা শুরু হয় সোশ্যাল মিডিয়ায়। নেটিভেনারা বিভিন্ন পোস্টের মাধ্যমে ক্ষুদ্র প্রতিক্রিয়া ব্যক্ত করেন। একএম মিলনুর রহমান লিখেছেন, ‘সিলেটের জেলা প্রশাসক সরোয়ার আলমকে প্রত্যাহার/বদলি। এবার বুকে নেন বাকিটা... ভালো কাজের মূল্য এভাবেই চুকাতে হবে আর টক শোর আলোচনায় বলবো দুর্নীতিমুক্ত বাংলাদেশ চাই!’ মাহবুব কবির মিলন লিখেছেন, ‘এই জাতির এটাই স্বাভাবিক চিত্র নয় কি! এতদিন প্রুে জেলা প্রশাসক ছিল, এটাই তো অস্বাভাবিক। যদিও তাঁকে বহুবার ফোনে বলেছি, বুলভোজার চালিয়ে দুই দিনেই প্রত্যাহার হলেও সমস্যা নেই। তবুও কমপ্রোমাইজ করবে না। কাউকে না কাউকে তো জগেে থাকতেই হবে।’ সাখাওয়াত মিশ লিখেছেন, ‘সিলেটের হযরত ধাকডালাল (রহ.) ও শাহপাড়া (রহ.) মাজারের আর-বায়ের স্বচ্ছতা আনতে সাহসী উদ্যোগ নিয়েছিলেন ডিসি সারওয়ার আলম। শনিবার নতুন দানাবাড়ি বসিয়ে সিসি ক্যামেরা লাগিয়েছিলেন তিনি। একদিন পয়ই তাকে প্রত্যাহার করা হলো।’ রিদ্দাল এইচ তাসুকদার রাজু লিখেছেন, ‘দুর্ভাগ্য! জনাব সারওয়ার আলম সাহেব! আপনি স্বন্মের দেশে আনার বিক্রি করতে এসেছেন। এটাই আপনার অপরাধ। যে দেশের মানুষ জন্মগ্রহণ করে অসংভাবের; সে দেশের মানুষ সততাকে কিভাবে সম্মান দিবে বলেন? এ দেশে ভালো কাজের সুযোগ নাই। এস্টাবলিশমেন্টের বিরুদ্ধে গিয়ে আপনি অব্যাহতভাবে ভালো করে যাবেন, এ হতেই পারে না।’ আমিনুল ইসলাম লিখেছেন, ‘জনাব সারোয়ার আলম, আপনাকে মানুষ হতে কে বলেছিল? আপনি করবেন দুর্নীতি। আপনি দলবলাজ-হুন্টারদের সাথে রাতের বেলা ডিনারে গিয়ে মদ খাবেন। আর সকালবেলা পবিত্র সাজবেন। ঘৃষ খেয়ে ইউরোপ-অ্যামেরিকায় বেগম পাড়া বানাবেন। নিজ এলাকায় স্কুল, কলেজ, মাদ্রাসা করে দানবীর হবেন।’ তিনি লিখেছেন, ‘আপনাকে মানুষ হতে কে বলেছিল? সাব-হিউমানদের দেশে আপনি মানুষ হতে পগেনন কেন? আপনাকে যে শুলে চড়াচ্ছে না। এটাই বেশি। শুকরিয়া আদায় করুন। কয়েক দশক ধরে বলছি- বাংলাদেশে যারা বাস করে; তাঁদের বেশিরভাগই সাব-হিউম্যান। আপনি যদি মানুষ হন। বাংলাদেশ আপনার জন্য নয়। এটা ভাগ্যাড় ছিল, আছে এবং থাকবে। ফুল স্টপ।’

সরকারি দপ্তরে শূন্য পদ সাড়ে ৪ লাখের বেশি, নিয়োগে ৫ বছরের পরিকল্পনা

কীর্তনখোলা ডেস্ক
দেশের বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারি অফিসগুলোতে বর্তমানে সাড়ে ৪ লাখের বেশি পদ শূন্য রয়েছে। গত ৩১ ডিসেম্বর ২০২৩ সালে সরকারি কর্মচারীদের জববল সত্ত্বেজ্ব হালনাগাদকৃত তথ্যের ভিত্তিতে প্রকাশিত ‘স্ট্যাটিসটিজ্ঞ অব পাবলিক সার্ভেস ২০২৪’ অনুযায়ী এই চিত্র সামনে এসেছে। সরকারের এই বিপুলসংখ্যক শূন্য পদ পূরণে ইতোমধ্যেই স্বল্প ও দীর্ঘমেয়াদি বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। তবে জাতীয় সংসদে জানিয়েছেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী মো. আব্দুল বারী। রোববার (২১ জুন) ব্রয়োদশ জাতীয় সংসদের দ্বিতীয় অধিবেশনে ১১তম ত্রৈমাসিক চট্টগ্রাম-১৩ আসনের সংসদ সদস্য সারওয়ার জামাল নিজামের প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ তথ্য জানান। অধিবেশনে পি্পকার হাফিজ উদ্দিন আহমদ সভাপতিত্ব করেন। প্রতিমন্ত্রী বলেন, দেশের সরকারি অফিসগুলোতে বর্তমানে সর্বমোট শূন্য পদের সংখ্যা ৪ লাখ ৬৮ হাজার ২২০টি। এর মধ্যে প্রথম শ্রেণিতে শূন্য পদের সংখ্যা ৬৮ হাজার ৮৮৪টি, যা ১ম থেকে ৯ম শ্রেণির আওতাভুক্ত। দ্বিতীয় শ্রেণিতে অর্থাৎ ১০ম থেকে ১২তম শ্রেণিে শূন্য পদ রয়েছে ১ লাখ ২৯ হাজার ১৬৬টি। সবচেয়ে বেশি শূন্য পদ রয়েছে তৃতীয় শ্রেণিতে, যার পরিমাণ ১ লাখ ৪৬ হাজার ৭৯৯টি এবং এগুলো ১৩তম থেকে ১৬তম শ্রেণির অন্তর্ভুক্ত। এছাড়া চতুর্থ শ্রেণিতে অর্থাৎ ১৭তম থেকে ২০তম শ্রেণিে ১ লাখ ১৫ হাজার ২৩৫টি পদ খালি রয়েছে। এর বাইরে অনারারি, নির্দিষ্ট বেতনভুক্ত ও চুক্তিভিত্তিক অন্যান্য কাটাগারিতে আরও ৮ হাজার ১৩৬টি শূন্য পদ রয়েছে। আব্দুল বারী আরও জানান, এই বিশালসংখ্যক শূন্য পদ পূরণের জন্য সরকার ইতোমধ্যেই ৬ মাস, ১ বছর এবং ৫ বছর মেয়াদি কর্মপরিকল্পনা প্রণয়ন করেছে। এই

